গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লালপুর, নাটোর
www.lalpur.natore.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৬৯৪৪.০০৩.০৩.০৪.২৪-৬০

তারিখ: ০৩ মাঘ ১৪৩০ / ১৭ জানুয়ারি ২০২৪

**২০ (বিশ) একরের নিম্নে জলমহাল/খাস পুকুরের ইজারা বিজ্ঞপ্তি:**

ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ অধিশাখার ০১ নভেম্বর ২০২৩ খ্রিঃ তারিখের ৩১,০০,০০০০,০৫০,৬৮,০২০.০৯ (অংশ-১).৬৬২ নং স্মারক এবং জলমহাল ব্যবস্থপনা নীতি, ২০০৯ অনুযায়ী ২০ (বিশ) একর পর্যন্ত বন্ধ সরকারি জলমহাল / খাস পুকুর ইজারার জন্য আবেদন দাখিলের নির্ধারিত বিধান অনুযায়ী অত্র লালপুর উপজেলার আওতাধীন নিম্নবর্ণিত ৩০ (ত্রিশ) টি বন্ধ সরকারি জলমহাল / খাস পুকুর বাংলা ১৪৩১ সনের ১ বৈশাখ হতে ১৪৩৩ সনের ৩০ চৈত্র পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিকট অনলাইনে (http://jmlams.gov.bd) ইজারা আবেদন গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তৎপ্রেক্ষিতে লালপুর উপজেলা থেকে সাধারণ আবেদনে ১৪৩১ বঙ্গাব্দে বন্ধ সরকারি জলমহাল খাস পুকুরের ইজারা ব্যবস্থাপনা নির্ধারিত বর্ষপঞ্জিকার (Calender Year) মধ্যে নিষ্পত্তি করার লক্ষ্যে নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হবে। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লালপুর, নাটোর এবং উপজেলা ভূমি অফিস, লালপুর, নাটোর এর কার্যালয় হতে ৫০০/-(পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) সিডিউল/আবেদনপত্র অফিস চলাকালীন সময়ে ক্রয় সাপেক্ষে অনলাইনে আবেদন দাখিল করার জন্য এ উপজেলাধীন নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমিতির নিকট হতে আহবান করা যাচ্ছে। সিডিউল/আবেদন ফরমে বর্ণিত শর্তাবলিসহ সর্বশেষ সরকারি পরিপত্র/নীতিমালা অনুসরণযোগ্য।

| ক্রমিক | তারিখ | | গৃহীতব্য কার্যক্রম |
|---|---|---|---|
| | বাংলা | ইংরেজী | |
| ০১ | ০৯ মাঘ ১৪৩০ হতে ০৩ ফাল্গুন ১৪৩০ | ২৩/০১/২০২৪ হতে ১৬/০২/২০২৪ | অনলাইনে সরকারি জলমহাল ইজারার আবেদন দাখিল। |
| ০২ | ০৫ ফাল্গুন ১৪৩০ হতে ০৭ ফাল্গুন ১৪৩০ | ১৮/০২/২০২৪ হতে ২০/০২/২০২৪ | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লালপুর, নাটোর বরাবর দাখিল। |
| ০৩ | ০৯ ফাল্গুন ১৪৩০ হতে ১৬ ফাল্গুন ১৪৩০ | ২২/০২/২০২৪ হতে ২৯/০২/২০২৪ | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| ০৪ | ১৯ ফাল্গুন ১৪৩০ হতে ২৬ ফাল্গুন ১৪৩০ | ০৩/০৩/২০২৪ হতে ১০/০৩/২০২৪ | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ০৫ | ২৭ ফাল্গুন ১৪২৯ হতে ১০ চৈত্র ১৪৩০ | ১১/০৩/২০২৪ হতে ২৪/০৩/২০২৪ | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক, নাটোর বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। |
| ০৬ | ১১ চৈত্র ১৪৩০ হতে ১৭ চৈত্র ১৪৩০ | ২৫/০৩/২০২৪ হতে ৩১/০৩/২০২৪ | উপজেলা নির্বাহী অফিসার, লালপুর, নাটোর কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ। |
| ০৭ | ১৮ চৈত্র ১৪৩০ হতে ২৩ চৈত্র ১৪৩০ | ০১/০৪/২০২৪ হতে ০৬/০৪/২০২৪ | ইজারা গ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারা গ্রহীতার সাথে চুক্তি সম্পাদন। |
| ০৮ | ০১ বৈশাখ ১৪৩১ | ১৪/০৪/২০২৪ | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

## ১৪৩১ বঙ্গাব্দে জলমহাল ইজারার শর্তাবলী:

১। যে সকল সমিতি সমবায় অধিদপ্তরে নিবন্ধিত সে সমিতি বা সমিতিসমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে, কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন/সমিতি সরকারি জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবেন না। শর্ত থাকে যে, উক্ত সমিতিতে যদি প্রকৃত মৎস্যজীবী নন এমন কোন সদস্য থাকেন বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নন, তাহলে উক্ত সমিতি আবেদন করার যোগ্য হবে না।

২। প্রকৃত মৎস্যজীবী সমিতি যারা সমাজ সেবা অধিদপ্তরে নিবন্ধিত, যেখানে প্রকৃত মৎস্যজীবী ছাড়া অন্য কোন সদস্য নেই তারাও আবেদনে অংশ গ্রহণের জন্য উপযুক্ত বিবেচিত হবেন।

৩। জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত স্থানীয় প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে বন্দোবস্তের ক্ষেত্রে অগ্রাধিকার পাবে। যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবী সংগঠন পাওয়া না যায় সেক্ষেত্রে অন্যান্য পার্শ্ববর্তী উপজেলা/জেলা মৎস্যজীবী সংগঠন /সমিতিকে জলমহাল বন্দোবস্ত প্রদানের বিষয় বিবেচনা করা হবে।

৪। দাখিলকৃত আবেদনের কপির সহিত বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখের মধ্যে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (যে কোন তপশীল ব্যাংক হতে) করতে হবে। উক্ত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপজেলা নির্বাহী অফিসার, লালপুর, নাটোর এর অনুকুলে দাখিল করতে হবে।

৫। আবেদনের সকল তথ্যাদি জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূলকপি সীলগালাকৃত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লালপুর, নাটোর এ দাখিল করতে হবে। সীলগালাকৃত উল্লিখিত খামের উপরিভাগে "জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন" কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বামপার্শ্বে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখতে হবে।

৬। বিজ্ঞপ্তিতে অন্তর্ভূক্ত সংশ্লিষ্ট জলমহালের ০৩ (তিন) বছরের ইজারা মূল্যের উপর ২০% অর্থ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে জামানত হিসেবে উপজেলা নির্বাহী অফিসার, লালপুর, নাটোর এর অনুকুলে আবেদনের সাথে দাখিল করতে হবে। লিজপ্রাপ্ত সমিতির জামানতের অর্থ ইজারার শেষ বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে। লিজপ্রাপ্ত হয়নি এমন সমিতির পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ফেরত প্রদান করা হবে।

৭। লিজগ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি তাদের নামে লিজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাব-লিজ অথবা অন্য কোন ব্যক্তি বা গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না। যদি তা করে থাকে তাহলে উক্ত লিজ বাতিল করা হবে, জমাকৃত লিজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে।

৮। ইজারার মেয়াদ শেষ হলে মাছ সংগ্রহের জন্য অতিরিক্ত কোন সময় মঞ্জুর করা যাবে না।

৯। কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি ০২(দুই) টির বেশী জলমহাল বন্দোবস্ত পাবে না। পূর্বের বকেয়া থাকলে আবেদন বিবেচনাযোগ্য হবে না। কোন জলমহালের বিষয়ে বিজ্ঞ আদালতের মামলায় স্থগিতাদেশ/স্থিতিবস্থা/নিষেধাজ্ঞার আদেশ থাকলে সেক্ষেত্রে কার্যক্রম স্থগিতাদেশ/ স্থিতিবস্থা/ নিষেধাজ্ঞার আদেশ প্রত্যাহারের পর পরিচালিত হবে। পূর্বের লিজ গ্রহণ করা থাকলে জরুরি ভিত্তিতে আপত্তি দিতে হবে।

১০। (ক) উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি/জেলা প্রশাসক /বিভাগীয় কমিশনারের সিদ্ধান্তের প্রেক্ষিতে বন্দোবস্ত প্রাপ্ত প্রকৃত মৎস্যজীবী সমিতি/সংগঠন ১ম বছরের সমুদয় রাজস্ব অন্যান্য করাদি সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে পরিশোধ করতে হবে। সম্পূর্ণ টাকা পরিশোধের পর বন্দোবস্ত গ্রহীতা লিজ চুক্তিপত্র সম্পাদনক্রমে জলমহালের দখল বুঝে নিবেন।

(খ) ২য় বছরের সম্পূর্ণ ইজারামূল্য ১ম বছরের ১লা চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে এবং পরবর্তী বছরসমূহের ইজারামূল্য একইভাবে পূর্ববর্তী বছরের ১লা চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যুক্তিসংগত কারণ ব্যতীত সমুদয় ইজারামূল্য পরিশোধে ব্যর্থ হলে উপজেলা নির্বাহী অফিসার ইজারা বাতিল করবেন এবং জামানতের অর্থ সরকারের অনুকুলে বাজেয়াপ্ত হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

১১। জলমহাল ইজারার মেয়াদ ১ম বছরের ১লা বৈশাখ থেকে শুরু হয়ে ৩য় বছরের ৩০ চৈত্র তারিখ শেষ হবে।

১২। ইজারা মূল্যের উপর সরকারের নির্ধারিত হারে ভ্যাট ও আয়কর লিজমানির সাথে একত্রে প্রদান করতে হবে। (১৫% ভ্যাট ও ১০% আয়কর)।

১৩। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ বর্ণিত অন্যান্য শর্তাবলী এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত বিধিবিধান মেনে চলতে বাধ্য থাকবে।

১৪। জলমহাল ও জলমহালের ইজারা সংক্রান্ত অন্যান্য শর্তাদিসহ যে কোন বিষয় এ অফিস হতে জানা যাবে। পূর্বের লিজ গ্রহণ করা থাকলে জরুরি ভিত্তিতে উপযুক্ত প্রমাণসহ আপত্তি দিতে হবে (বিজ্ঞপ্তি প্রকাশের ০৩ (তিন) দিনের মধ্যে)।

১৫। কোন ভূয়া/মিথ্যা তথ্য দাখিল করলে আবেদন বাতিল হবে।

১৬। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি যে কোন আবেদনপত্র গ্রহণ বা সকল আবেদনপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং ইজারা বিষয়ে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২৭.১.২৪

শারমিন আখতার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
লালপুর, নাটোর

বাংলা ১৪৩১ সনের ১ বৈশাখ হতে ১৪৩৩ সনের ৩০ চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ২০ (বিশ) একরের নিম্নে ইজারাযোগ্য বদ্ধ সরকারি জলমহাল/খাসপুকুরের তালিকা:

| ক্র: নং | ইউনিয়ন | জলমহাল/খাস পুকুরের নাম | মৌজার নাম | দাগ নং | পরিমাণ (একর) | ০৩ বছরের জন্য সরকারি ধার্যকৃত ইজারা মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | আড়বাব | কচুয়া পুকুর -১ | কচুয়া | ১১১০ | ০.২৮ | ২০০০/- | |
| ০২ | আড়বাব | কচুয়া পুকুর -২ | কচুয়া | ৯৬৬ | ০.১৪ | ৬০০০/- | |
| ০৩ | আড়বাব | কচুয়া পুকুর -৩ | কচুয়া | ১২২৪ | ০.৫৯ | ২০০০০/- | |
| ০৪ | আড়বাব | মোড়দহ পুকুর -৩ | মোড়দহ | ৮১৬ | ০.৩৩ | ১৮০০০/- | |
| ০৫ | আড়বাব | অর্জুনপাড়া পুকুর-২ | অর্জুনপাড়া | ২০৩৮ | ০.৬৭ | ৭৫০০/- | |
| ০৬ | আড়বাব | সাধুপাড়া পুকুর | সাধুপাড়া | ৫৯ | ০.২০ | ৬,০০০/- | |
| ০৭ | আড়বাব | ধরবিলা | ধরবিলা | ৪৩৩ | ০.১৬ | ৬,০০০ | |
| ০৮ | আড়বাব | চকবোয়ালিয়া পুকুর-১ | চকবোয়ালিয়া | ৫৭/১৭৪ | ৩.০৭/২.২৬ =৫.৩৩ | ৩৭৫০০/- | |
| ০৯ | আড়বাব | মোড়দহ পুকুর -৫ | মোড়দহ | ৮৪৪ | ০.৫৫ | ৫৪০০০/- | |
| ১০ | আড়বাব | কচুয়া পুকর -৪ | কচুয়া | ১৩৫৬ | ১.৯৫ | ১২০০০/- | |
| ১১ | আড়বাব | অর্জুনপাড়া পুকুর-৩ | অর্জুনপাড়া | ২০৬৯ | ০.১২ | ২০০০/- | |
| ১২ | আড়বাব | অর্জুনপাড়া পুকুর-৫ | অর্জুনপাড়া | ১৭৮৪ | ১.৯২ | ৬৬০০০/- | |
| ১৩ | আড়বাব | সুন্দরগাড়া পুকুর-১ | সুন্দরগাড়া | ৪৩২ | ০.৪৭ | ১৫,০০০/- | |
| ১৪ | বিলমাড়ীয়া | উধনপাড়া পুকুর-২ | উধনপাড়া | ৬৩৮ | ০.৪০ | ১৩৫০০/- | |
| ১৫ | চংধুপইল | ঈশ্বরপাড়া দিঘি-১ | ঈশ্বরপাড়া | ৪৪০ | ৫.৯২ | ১১০৮১০৪/- | |
| ১৬ | চংধুপইল | ঈশ্বর পাড়া দিঘি-২ | ঈশ্বরপাড়া | ৪২৮ | ২.২৭ | ৩০৭৮৭৫/- | |
| ১৭ | দুয়ারিয়া | দুয়ারিয়া পুকুর -২ | দুয়ারিয়া | ২৮৫৯ | ০.৪১ | ১৫০০০/- | |
| ১৮ | দুয়ারিয়া | দুয়ারিয়া পুকুর -৩ | দুয়ারিয়া | ১৬৪৯ | ০.৯২ | ৩০০০০/- | |
| ১৯ | দুয়ারিয়া | হাপানিয়া পুকুর | দুয়ারিয়া | ২৮৪৭ | .৯৬ | ৯০০০/- | |
| ২০ | দুয়ারিয়া | টিটিয়া পুকুর | মহেশ্বর | ২০২৬ | ০.৪৪ | ১৭,৫০০/- | |
| ২১ | দুড়দুড়িয়া | খাসজয়পুর পুকুর | খাসজয়পুর | ৫৪ | ১.০২ | ৪৬৫০০/- | |
| ২২ | দুড়দুড়িয়া | মোল্লাপাড়া | বেরিলাবাড়ী | ৬৬২ | ০.৭০ | ৫৮৫০০/- | |
| ২৩ | দুড়দুড়িয়া | আটটিকা পুকর | আটটিকা | ২৮৯ | ০.৭৪ | ৪৯৫০০/- | |
| ২৪ | দুড়দুড়িয়া | রুইগাড়ী পুকুর | বেরিলাবাড়ী | ৩৭৫ | .৭০ | ২৫৫০০/- | |
| ২৫ | দুড়দুড়িয়া | মিরকামারী পুকুর | বেরিলাবাড়ী | ৩৭৮ | ২.৬৫ | ৩০৯০৬০/- | |
| ২৬ | দুড়দুড়িয়া | জিমনি পুকুর | বেরিলাবাড়ী | ৩৬৩ | ১.৭৭ | ১৯৫০০০/- | |
| ২৭ | দুড়দুড়িয়া | বড়মহাল পুকুর | বেরিলাবাড়ী | ১৯ | ১.৮১ | ২০৪০০০/- | |
| ২৮ | দুড়দুড়িয়া | দুড়দুড়িয়া পুকুর- ১ | দুড়দুড়িয়া | ১৫৯৭ | ০.৩৪ | ৯০০০/- | |
| ২৯ | দুড়দুড়িয়া | রাধাকান্ত পুকুর | বেরিলাবাড়ী | ৯৫ | ০.৩৮ | ৬০০০/- | |
| ৩০ | দুড়দুড়িয়া | শুকুরগাড়ী পুকুর | বেরিলাবাড়ী | ১৮৪ | ০.৩৭ | ২২৫০০/- | |

১৭.১.২৪

শারমিন আখতার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
লালপুর, নাটোর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
লালপুর, নাটোর
www.acl.lalpur.natore.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৬৯৪৪.০০৩.০৩.০৪.২৪-৬০(৪৫)

তারিখ: ০৩ মাঘ ১৪৩০ / ১৭ জানুয়ারি ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১. মাননীয় সংসদ সদস্য, ৫৮ নাটোর- ১ (লালপুর- বাগাতিপাড়া) ও উপদেষ্টা, জলমহাল ব্যবস্থাপনা কমিটি, লালপুর, নাটোর
২. বিভাগীয় কমিশনার, রাজশাহী
৩. জেলা প্রশাসক, নাটোর
৪. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নাটোর
৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, লালপুর, নাটোর

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে ও বহুল প্রচারের জন্য অনুরোধসহ প্রেরিত হলো:

৬. জেলা তথ্য অফিসার, নাটোর (ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।)
৭. মেয়র, গোপালপুর পৌরসভা, লালপুর, নাটোর
৮. সহকারী কশিনার (ভূমি), লালপুর, নাটোর
৯. উপজেলা ...................................................... অফিসার, লালপুর, নাটোর
১০. ভারপ্রাপ্ত কর্মকর্তা, লালপুর থানা, নাটোর
১১. চেয়ারম্যান,লালপুর/অর্জুনপুর-বরমহাটী/ওয়ালিয়া/চংধুপইল/কদিমচিলান/দুয়ারিয়া/আড়বাব/বিলমাড়িয়া/দুড়দুড়িয়া/ঈশ্বরদী ইউনিয়ন পরিষদ, লালপুর, নাটোর
১২. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, লালপুর/গোপালপুর /ওয়ালিয়া/চংধুপইল/কদিমচিলান/দুয়ারিয়া/আড়বাব/বিলমাড়িয়া /দুড়দুড়িয়া/ঈশ্বরদী ইউনিয়ন ভূমি অফিস, লালপুর, নাটোর। (ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো। জারি প্রতিবেদন ধার্য তারিখের পূর্বেই প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
১৩. সম্পাদক, ____________________________________________
(স্বল্প পরিসরে বিজ্ঞাপনটি ০১ (এক) দিনের জন্য প্রচার করার জন্য অনুরোধ করা হল। প্রচারান্তে ০২ (দুই) কপি বিল উপজেলা নির্বাহী অফিসার, লালপুর, নাটোর এর নিকট দাখিল করার জন্য অনুরোধ করা হল)
১৪. অফিস কপি

১৭/০১/২০২৪
আরাফাত আমান আজিজ
সহকারী কমিশনার ভূমি
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি
লালপুর, নাটোর